



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি./তথ্য ও জন./প্রে.বি/২০০৯/

তারিখ: ১৬/০৪/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে A, B ও C ইউনিটের গণবিজ্ঞপ্তি প্রকাশ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে শূণ্য আসনে ভর্তির জন্য A, B ও C ইউনিটের গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মেধাক্রম অনুযায়ী আগামী ১৯/০৪/২০২৬ হতে ২০/০৪/২০২৬ তারিখ (সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ৩.৩০ ঘটিকা) পর্যন্ত সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

A ইউনিট: মেধাক্রম- ৪৩৩ থেকে ৭০০ পর্যন্ত

B ইউনিট:

মানবিক শাখা: মেধাক্রম ৪২৪ থেকে ৫৩৫ পর্যন্ত

ব্যবসায় শিক্ষা শাখা: মেধাক্রম ১০৪ থেকে ১৫৯ পর্যন্ত

বিজ্ঞান শাখা: মেধাক্রম ১৫০ থেকে ২০৫ পর্যন্ত

C ইউনিট:

ব্যবসায় শিক্ষা শাখা: মেধাক্রম ২৮১ থেকে ৪০০ পর্যন্ত

মানবিক শাখা: মেধাক্রম ২৬ থেকে ৫০ পর্যন্ত

বিজ্ঞান শাখা: মেধাক্রম ২৯ থেকে ৫০ পর্যন্ত

সাক্ষাৎকারে উপস্থিত শিক্ষার্থী হতে মেধাক্রম অনুযায়ী পরবর্তী মেধাতালিকা প্রকাশ করা হবে এবং আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি করা হবে। সাক্ষাৎকারের সময় ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট প্রদর্শনপূর্বক উক্ত সনদের প্রত্যেকটির এক কপি করে ফটোকপি জমা দিতে হবে।

ভর্তির সময় শিক্ষার্থীদেরকে ভর্তি ফি বাবদ ১৪ হাজার ৬০০ টাকা ব্যাংকে জমা দিতে হবে। এছাড়াও ডীন অফিসের উন্নয়ন ফি ও বিভাগের উন্নয়ন ফি প্রদান করতে হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন আপডেট তথ্য সংশ্লিষ্ট ওয়েবসাইট <https://cou.admission-aid.com> ও বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজ <https://www.facebook.com/comillauniversityofficial> থেকে জানা যাবে।

(মোহাম্মদ এমদাদুল হক)

ডেপুটি রেজিস্ট্রার

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।